PWO/0P7

দৈনিক ইনকিলাব

তারিখ 24 OCT 1986
পৃষ্ঠা ... 5 ... 3 ...

165

# শিক্ষাঙ্গনে

## সার্বজনীন শিক্ষার বাস্তবায়ন চাই

শিক্ষা মানুষকে উন্নত ও সুন্দর জীবন-যাপন করার পথ প্রদর্শন করে। একটি জাতিকে বাঁচতে শিখায়, সর্বোপরি আলোকবর্তিকা হয়ে জাতিকে নতুন সভ্যতার পথে এগিয়ে যেতে সাহায্য করে। তাই শিক্ষা শুধু ছাত্র সমাজেই নয়, সমগ্র জাতির জন্য অপরিহার্য। শিক্ষা বলতে আমরা যদি শুধু অক্ষর জ্ঞানকে বুঝি তাহলে ভুল হবে। লেখা-পড়া করলেই শিক্ষিত হওয়া যায় না। অর্জিত জ্ঞানকে বাস্তবে প্রয়োগের মাধ্যমে ভবিষ্যৎ জীবনকে আরো সুন্দরভাবে গড়ে তোলার পদ্ধতি উদ্ভাবন করতে হবে। প্রকৃত পক্ষে শিক্ষা মানুষকে পরিপূর্ণ সচেতন করে তোলার মূল অন্ধকার থেকে মুক্ত করে অগ্রগতির পথে নিয়ে যাওয়ার জন্য বস্তুনিষ্ঠ, উপযুক্ত ও ইসলামী শিক্ষার প্রয়োজন।

আমাদের দেশের অধিকাংশ মানুষ দরিদ্র ছেলে-মেয়েদের স্কুল, কলেজ কিংবা বিশ্ববিদ্যালয়ে পড়ানোর আর্থিক সংগতি অনেকেরই নেই। ইচ্ছা থাকা সত্ত্বেও একজন দরিদ্র অভিভাবক তার ছেলেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত পাঠাতে পারে না।

যদিও পঞ্চম শ্রেণী পর্যন্ত সাধারণ প্রাথমিক শিক্ষার সুযোগ রয়েছে তবু অনেক ক্ষেত্রে দরিদ্র ছাত্রের পক্ষে তাও সম্ভব হয়ে উঠে না। তাই বই, খাতা, কলম, কালী আর পরীক্ষার টাকা সংগ্রহ করতে অক্ষম কৃষক পিতা বাধ্য হয়ে তার সন্তানকে বিদ্যালয়ে পাঠানোর চেয়ে কৃষি কাজে নিয়োজিত করতে বেশী আগ্রহী। এই প্রতিকূল অবস্থাতেও যারা প্রাথমিক শিক্ষা শেষ করে, পরবর্তীতে আর্থিক সংকটে তারা অনেকেই হাই স্কুলে পড়ার সুযোগ থেকে বঞ্চিত হয়। সুতরাং অর্থনৈতিক সমস্যার কারণে অনেকেই শিক্ষার আলো দেখতে পায়। তাই দেশে সার্বজীনন শিক্ষা ব্যবস্থা পরিপূর্ণভাবে বাস্তবায়নে, কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা একান্ত প্রয়োজন।

বাংলাদেশের গ্রামাঞ্চলের স্কুল, কলেজ ও মাদ্রাসাগুলোর দিকে দৃষ্টি দিলে দেখা যায়, ঘরের চাল নেই, বেড়া নেই, বসার চেয়ার-বেঞ্চ, টেবিল নেই। অনেক প্রতিষ্ঠানে শিক্ষক নেই। শিক্ষক থাকলেও বেতন নেই। আবার অনেক শিক্ষক পূর্ণভাবে ক্লাস নিতে অক্ষম। লাইব্রেরী কি জিনিস অনেক স্কুল, কলেজ বা মাদ্রাসার ছাত্র-ছাত্রীরা জানেই না। বিজ্ঞান গবেষণাগারে যন্ত্রপাতি নেই। এ অবস্থায় বিশ্ববিদ্যালয় পর্যন্ত গেলেও একজন ছাত্রের অনেক সমস্যা দেখা দেয়। তদুপরি আবাসিক হলে সীটের অভাব। হলে সীট নেই, ডাইনিং হলে উপযুক্ত খাবার ইত্যাদি নানা ধরনের হাজারো সমস্যা এখানে বিদ্যমান। কাজেই শিক্ষাঙ্গনের এ সব সমস্যার আশু সমাধান না হলে দেশের শিক্ষা পরিস্থিতি আরো অনেক নীচে নেমে যাবে। এতে দেশ ও জাতি চরমভাবে ক্ষতিগ্রস্ত হবে।

০—শামীম আজাদ আনোয়ার